

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
www.mocat.gov.bd



স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০১৪.২২.০০২.২০.১৫১

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিষয়: বিদেশ গমনেচ্ছু বাংলাদেশীদের জন্য কোভিড-১৯ মুক্ত সনদ নিয়ে বিদেশ গমনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

সূত্র: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্মারক নং -৪৯.০০.০০০০.০২৪.০০.০০৬.২০.৭৭৫, তারিখ-৩০/০৭/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অদ্য ৩০/০৭/২০২০ খ্রি: তারিখ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিদেশগামী বাংলাদেশের সকল যাত্রীদের ক্ষেত্রে কোভিড-১৯ নেগেটিভ সনদের পরিবর্তে যে সকল দেশ যাত্রীদের জন্য কোভিড-১৯ নেগেটিভ সনদ চাইবে কেবলমাত্র সেই সকল দেশে গমনেচ্ছু যাত্রীদের জন্য কোভিড-১৯ নেগেটিভ সার্টিফিকেট গ্রহণ বাধ্যতামূলক হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)। একই সাথে বিমান বন্দরে বিদেশগামী সকল যাত্রীদের সাধারণ স্বাস্থ্য পরীক্ষা/স্ক্রিনিং ব্যবস্থা জোরদার করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এমতাবস্থায়, নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) এমতাবস্থায়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার বর্ণিত সিদ্ধান্ত জরুরীভিত্তিতে দেশি-বিদেশি সকল এয়ারলাইন্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এর বিমানবন্দর পরিচালক/ ম্যানেজার, ইমিগ্রেশন কর্তৃপক্ষসহ সকল যাত্রীদের অবহিতকরণ।

(খ) কোভিড-১৯ নেগেটিভ সনদ বিষয়ক সংশোধিত সিদ্ধান্ত এবং কোন কোন দেশে বর্তমানে কোভিড-১৯ নেগেটিভ সনদ প্রয়োজন সে বিষয়ে যাত্রীদের অবহিতকরণের জন্য বিষয়টি ব্যাপক প্রচার ;

(গ) পরবর্তীতে নতুন কোনো দেশে কোভিড-১৯ নেগেটিভ সনদ প্রয়োজন হলে তা জরুরীভিত্তিতে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ ও প্রচার।

Rahona

৩০-৭-২০২০

রোকসিন্দা ফারহানা

উপ-সচিব

ফোন: ০২-৯৫৪৯১৯৩

ফ্যাক্স: ০২-৯৫১৫৪৯৯

ইমেইল: dsca2@mocat.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যানের দপ্তর

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০১৪.২২.০০২.২০.১৫১/১(৮)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর
- ৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

Rahona

৩০-৭-২০২০

রোকসিন্দা ফারহানা

উপ-সচিব